



বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.bhtpa.gov.bd

স্মারক নং-৫৬.০২.০০০০.০০৪.১১.০১০.২২-৪৪৮

তারিখ: ২০/০৬/২০২২ খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর রাজস্ব খাতের নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র: নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	যোগ্যতা	মন্তব্য
১	কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী	০১ (এক)	টাঃ ৯,৩০০/- থেকে ২২,৪৯০/- (গ্রেডঃ ১৬) (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রি; খ) বাংলা ও ইংরেজি টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে অনূন ২০ ও ২০ শব্দের গতি; গ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত।	কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, মাদারীপুর, ময়মনসিংহ, শরিয়তপুর, রাজশাহী, যশোর, নড়াইল, গোপালগঞ্জ, পিরোজপুর, টাঙ্গাইল, কুড়িগ্রাম, সিরাজগঞ্জ, জামালপুর, নরসিংদী, সাতক্ষীরা, বাগেরহাট ও লালমনিরহাট জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে যেকোন জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থী আবেদন করতে পারবে।

আবেদনের নিয়মাবলি এবং নিয়োগ সংক্রান্ত শর্তাবলি:

- আগ্রহী সকল প্রার্থীকে অনলাইনে <https://erecruitment.bcc.gov.bd> ওয়েবসাইটের মাধ্যমে আগামী ২২ জুন, ২০২২ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে ২৮ জুলাই, ২০২২ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সফটওয়্যার কর্তৃক গৃহীত হবে না। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না;
- অনলাইনে আবেদনের জন্য <https://erecruitment.bcc.gov.bd> ওয়েবসাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যিক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনকারীর ই-মেইলে recruitment কর্তৃক ভেরিফিকেশন লিংক এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ই-মেইল আইডি এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় খাপসমূহ সম্পন্ন করতে হবে (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েবসাইট হতে নিবন্ধন গাইডলাইন ও আবেদনের গাইডলাইন অনুসরণ করতে হবে);
- Online-এ আবেদনের সময় নির্ধারিত স্থানে প্রার্থীর স্বাক্ষর (সাইজ: দৈর্ঘ্য ৩০০ pixel x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (সাইজ: দৈর্ঘ্য ৩০০ pixel x প্রস্থ ৩০০ pixel) আপলোড করতে হবে;
- আবেদনকারীগণ পরীক্ষার ফি বাবদ ১১২ (একশত বারো) টাকা DBBL Mobile Banking (Rocket), bKash এবং Nagad এর মাধ্যমে (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) জমা করতে হবে;
- নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান/সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে। কোটাধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ডকুমেন্ট আপলোড করতে হবে;
- আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে;
- সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ২২/০৬/২০২২ খ্রিঃ তারিখে বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষেত্রে ২২/০৬/২০২২ তারিখে বয়স হবে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বৎসর এবং মুক্তিযোদ্ধার সন্তানদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বৎসর হতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারও সাথে বৈবাহিক সূত্রে আবদ্ধ হয়ে থাকলে কিংবা বিবাহের জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকলে তিনি আবেদন করার যোগ্য হবেন না;
- লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে;
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে দাখিলকৃত Application Form এর ফটোকপিসহ নিম্নোক্ত পত্রাদি দাখিল করতে হবে;
ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙিন ছবি'
খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি;
গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি ও কম্পিউটার প্রশিক্ষণ সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে;
ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ

নাগরিকত্ব ও চারিত্রিক বৈশিষ্ট্যের সার্টিফিকেট;

৬) প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) এ প্রকাশিত প্রমাণক এর আলোকে সত্যায়িত অনুলিপি উপস্থাপন করতে হবে;

৭) এতিম/শারীরিক প্রতিবন্ধী কোটায় আবেদনকারী প্রার্থীকে উপযুক্ত প্রমাণক উপস্থাপন করতে হবে;

১১। নিয়োগকৃত কর্মচারীর চাকুরী বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ দ্বারা নিয়ন্ত্রিত হবে। তবে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধিবিধান প্রযোজ্য ক্ষেত্রে কার্যকর হবে।

১২। নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি-বিধান এবং কোটা পদ্ধতি অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে;

১৩। দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না;

১৪। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে;

১৫। আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ/তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকুরী প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাকে চাকুরী থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে কর্তৃপক্ষ সকল ক্ষমতা সংরক্ষণ করবে।

১৬। প্রাপ্ত সকল আবেদনপত্র যাচাই-বাছাই করে কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত পরীক্ষার জন্য এসএমএস এর মাধ্যমে অবগত করা হবে। মৌখিক বা অন্যান্য পরীক্ষার জন্য পত্র প্রেরণ করা হবে না তবে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়েবসাইট www.bhtpa.gov.bd-এ প্রকাশ করা হবে;

১৭। নিয়োগ বিজ্ঞপ্তি জারীর পরেও কর্মকর্তা/কর্মচারী নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষের জারীকৃত প্রাসঙ্গিক সকল আদেশ/পরিপত্র/নীতিমালা প্রযোজ্য হবে;


১৮। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কর্তৃপক্ষের প্রয়োজনীয়তার নিরিখে হ্রাস/বৃদ্ধি হতে পারে;

১৯। যেকোন আবেদনপত্র বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

২০। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না;

২১। অনলাইন আবেদন করতে কোন সমস্যা হলে ০২-৫৫০০৭১৮৩-এক্সট ১০৮ নং টেলিফোনে জনাব তানিমুল বারী, টেকনিক্যাল স্পেশালিস্ট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

২২। নিয়োগ বিজ্ঞপ্তিটি বাংলাদেশ হাই-টেক পার্কের ওয়েবসাইট www.bhtpa.gov.bd তে পাওয়া যাবে।



পরিচালক (অর্থ ও প্রশাসন)

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ